



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd



নং-১১৪৮/ক/অন:/২০২৪/৮৮

তারিখ: ২৩/০৮/২০২৪

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর ১৪/০৩/২০২৪ তারিখের মঙ্গলী কমিটির ৫ম সভা এবং ২৩০তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন “কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়” এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ হতে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এ অনুমতির মেয়াদ ৩ (তিনি) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

## শাখাসমূহ:

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

## বিষয়সমূহ:

### আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

### মানবিক :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। মনোবিজ্ঞান
- ৩। সমাজকর্ম
- ৪। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

### ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
- ৪। ফিনান্স ব্যাংকিং

### বিজ্ঞান :

- ১। পদার্থ
- ২। রসায়ন
- ৩। জীববিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

### শর্তসমূহ:

- ১। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমি কলেজের নামে খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
- ২। কলেজে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে কলেজকে ২৫,০০,০০০ (পচিশ লক্ষ) টাকা যৌথনামে - ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি, খ) জেলা শিক্ষা অফিসার , প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- ৩। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী কলেজে NTRCA কর্তৃক সুপারিশ ও নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
- ৪। উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এই অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং সেক্ষেত্রে উক্ত পাঠদান/পরীক্ষা সংক্রান্ত কার্যাদি পরিচালনা থেকে বিরত থাকবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

পাতা-০২

- ৫। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না নেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৬। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৮। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি ‘‘নির্দেশিকা’’ অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১০। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১১। অতিসত্ত্ব কলেজ কোড নম্বর সংগ্রহের জন্য আবেদন করতে হবে।
- ১২। কলেজের আসন সংখ্যা- মানবিক শাখায় ৫০ জন, ব্যবসায় শিক্ষা শাখায় ৫০ জন, বিজ্ঞান শাখায় ৫০ জন, শিফট: দিবা, ভার্সন: বাংলা, সহশিক্ষা।
- ১৩। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
  - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট, কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
  - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
- ১৪। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা- ২০২২ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ১৫। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

ঠাঃ

কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

✓ অধ্যক্ষ/প্রধান শিক্ষক

কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয় (KOMALPUR HAZI ZAHIR UDDIN HIGH SCHOOL)  
উপজেলা- তেরব জেলা- কিশোরগঞ্জ।

মেমো নং-১১৪৮(৮)

তারিখ: ২৩/০৮/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নর্স বডি, কমলপুর হাজী জহির উদ্দিন উচ্চ বিদ্যালয়, তেরব, কিশোরগঞ্জ।
- ৮। অফিস কপি।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

কলেজ পরিদর্শক (ঠাঃ, দ্বঃ)

১১৪৮